49

দৈনিক ইনকিলাব

তারিখ ... 20 JUL 1997 ...
পৃষ্ঠা ...1... কলাম ...2...

# অর্ধ শতাব্দী পর ঢাকা ভার্সিটির বিভিন্ন ফিস কয়েক গুণ বৃদ্ধি

**গিয়াস উদ্দিন রিমন** ।। দীর্ঘ প্রায় অর্ধ শতাব্দী পর চলতি মাস থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভর্তি ফিস, পরীক্ষার ফিস, হলের সীট ভাড়াসহ অন্যান্য ফিস কয়েক গুণ বাড়ানো হয়েছে। বর্ধিত ফিসের বোঝা বইতে গিয়ে মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের ছাত্র-ছাত্রীরা হিমশিম খাচ্ছে। গত ২২ জুন বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় ফিস বৃদ্ধির এ সিদ্ধান্ত নেয়া হয় এবং গত ১৪ জুলাই থেকে সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

পরিবর্তিত সিদ্ধান্ত অনুযায়ী ভর্তি ফিস নির্ধারণ করা হয়েছে ১২শ' ৫০ টাকার পরিবর্তে ২৬শ' টাকা। পরীক্ষার ফিস নির্ধারণ করা হয়েছে অনার্সে ৬শ' টাকা এবং মাস্টার্সে কলা, সামাজিক বিজ্ঞান, আইন ও বিজনেস স্টাডিজ অনুষদের ৮শ' টাকা, বিজ্ঞান, জীব বিজ্ঞান ও ফার্মেসী অনুষদের ১ হাজার টাকা এবং থিসিস গ্রুপের ১৫শ' টাকা। সকল পরীক্ষার ফিস আগে ছিল মাত্র দেড়শ' টাকা। হলের সীট ভাড়া ৪ টাকা থেকে বাড়িয়ে করা হয়েছে একক সীটের কক্ষ ১৫ টাকা, ডাবল সীটের কক্ষের প্রতি সীট ১০ টাকা এবং ৩/৪ সীটের কক্ষের প্রতি সীট ৮ টাকা। এছাড়া যেসব চাঁদা ও ফিস বাড়ানো হয়েছে সেগুলো হচ্ছে— হল ইউনিয়ন চাঁদা ১০ টাকা থেকে বাড়িয়ে ১শ' টাকা, হল খেলাধুলা চাঁদা ও বিশ্ববিদ্যালয় খেলাধুলা চাঁদা প্রতিটি ১০ টাকা থেকে বাড়িয়ে প্রতিটি ১শ' টাকা, লাইব্রেরী জামানত ৫০ টাকা থেকে বাড়িয়ে ৫শ' টাকা, ছাত্র-ছাত্রী কল্যাণ ফি ২ টাকা থেকে বাড়িয়ে ২৫ টাকা, রোভার স্কাউট ফি ৬ টাকা থেকে বাড়িয়ে ২০ টাকা, লাইব্রেরী উন্নয়ন ফি ৩০ টাকা থেকে বাড়িয়ে ১শ' টাকা, বিজ্ঞান, জীব বিজ্ঞান ও ফার্মেসী (ল্যাব) কশন মানি ৬০ টাকা থেকে বাড়িয়ে ৫শ' টাকা এবং এ ৩টি অনুষদের ল্যাব চার্জ ৪০ টাকা থেকে বাড়িয়ে ২শ' টাকা। নতুন করে ফিস আরোপ করা হয়েছে বিশ্ববিদ্যালয় ভৌত কাঠামো চার্জ ২শ' টাকা। এমফিল-এর ভর্তি ফিস কলা, সামাজিক, বাণিজ্য অনুষদে ২৭শ' ৯০ টাকা থেকে বাড়িয়ে ৩২শ' ২০ টাকা এবং বিজ্ঞান অনুষদে ৪১শ' টাকা থেকে বাড়িয়ে ৪৭শ' টাকা করা হয়েছে। এসব ফিস বাড়ানো হলেও ছাত্র বেতন বাড়ানো হয়নি। এখন ছাত্র-ছাত্রীদের মাসিক বেতন ১২ টাকা।

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## অর্ধ শতাব্দী পর ঢাকা

প্রথম পৃষ্ঠার পর

এদিকে বিভিন্ন ফিস বাড়ানোর ফলে ছাত্র-ছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে উঠেছে।